

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
পরিবেশ-৩ শাখা  
www.moef.gov.bd

নম্বর-২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪.২০৪

তারিখ : ১৩ ভাদ্র ১৪৩১  
২৮ আগস্ট ২০২৪

প্রজ্ঞাপন


দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং দ্রুত নগরায়ণের ফলে প্লাস্টিক দূষণ, বিশেষ করে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হইতে সৃষ্ট দূষণ মারাত্মক আকার ধারণ করিয়াছে। পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করিবার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি ৯। ব্যাখ্যা-১৭ এর আলোকে সরকার নিম্নোক্ত তালিকাভুক্ত বস্তু/সামগ্রী/পদার্থকে 'সিঙ্গেল ইউজ প্লাস্টিক' হিসেবে নির্ধারণ করিল :

১	স্ট্র (Straw)
২	স্টারার (Stirrer)
৩	একবার ব্যবহারযোগ্য তৈজসপত্র/কার্টলারি (One-time utensils/cutlery (e.g. cups, plates, trays, spoon, fork, etc.)
৪	বেলুন, আইসক্রিম বা ললিপপের সাথে ব্যবহৃত প্লাস্টিকের কাঠি/লাঠি (Plastic sticks e.g. balloon sticks, ice-cream/lollypop sticks)
৫	প্লাস্টিক ব্যানার (Plastic banner)
৬	পোস্টারের প্লাস্টিক মোড়ক (Plastic covers on any poster)
৭	বিভিন্ন পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের মিনি প্যাকেট/সৌখিন ধারক (Sachets, Pouches)
৮	চকলেট এবং ললিপপের প্লাস্টিক মোড়ক (Lollypop covers, Chocolate covers, etc)
৯	স্টাইরোফোমের খাবার মোড়ক/ধারক (Styrofoam food packaging e.g. biryani packet, etc.)
১০	পাতলা প্লাস্টিকের আবরণযুক্ত ফাস্ট ফুডের মোড়ক (Thin Plastic films on fast food packaging)
১১	প্লাস্টিকের দাওয়াজাত কার্ড, দাওয়াজাত কার্ড এবং প্রচারণা সামগ্রীর উপর ব্যবহৃত থার্মাল ল্যামিনেশন (Plastic invitation card, thermal lamination on invitation card/advertising products)
১২	পাতলা প্লাস্টিক আবরণযুক্ত সিগারেটের প্যাকেট/টিস্যু পেপার/টয়লেট রোল/সাবানের মোড়ক (Thin plastic cover of cigarette pack/tissue paper/toilet roll/soap)
১৩	পলিইথাইলিন এবং পলিপ্রপাইলিন বা মিশ্রণ দ্বারা তৈরি কোনো শপিং ব্যাগ/ঠোঙ্গা/ধারক (Shopping bag/carry bag manufactured from Polyethylene or Polypropylene or mix)
১৪	মেলামাইন ফোম স্পঞ্জ (Melamine foam sponges-Used for household cleaning)
১৫	যেকোনো পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের প্যাকেজিং (Single use plastic packaging of any products)
১৬	সিগারেট ফিল্টার (Cigarette filter)
১৭	প্লাস্টিকের বোতল এবং ক্যাপ (Plastic bottles, Caps)

২। সরকার উক্ত তালিকা সময়ে সময়ে সংশোধন বা পরিবর্তন করিতে পারিবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
ড. মোঃ ফয়সাল আবেদীন খান  
উপসচিব

(অপর পৃষ্ঠা দৃষ্টব্য)